



প্রেস বিজ্ঞপ্তি

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ভাইস-চ্যান্সেলরের রুটিন দায়িত্বে অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০৮ নভেম্বর ২০২৩খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ভাইস-চ্যান্সেলরের রুটিন দায়িত্ব পেলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। শিক্ষা মন্ত্রণালয় ৮ নভেম্বর ২০২৩ তারিখ এবিষয়ে একটি প্রজ্ঞাপন জারি করেছে। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সিনিয়র সহকারী সচিব শতরুপা তালুকদার স্বাক্ষরিত এ প্রজ্ঞাপনে বলা হয়, বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলরের পদটি শূন্য হওয়ায় পরবর্তী ভাইস-চ্যান্সেলর নিযুক্ত না হওয়া পর্যন্ত যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া-কে তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে ভাইস-চ্যান্সেলরের রুটিন দায়িত্ব প্রদান করা হলো। উল্লেখ্য যে, অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া গত ১৯ এপ্রিল ২০২২ তারিখ ট্রেজারার হিসেবে বরিশাল বিশ্ববিদ্যালয়ে যোগদান করেন এবং ইতোপূর্বে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের চেয়ারম্যান, শহীদ সার্জেন্ট জহুরুল হক হলের প্রাধ্যক্ষ এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর হিসেবে সফলতার সাথে দায়িত্ব পালন করেছেন। এছাড়াও অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া একজন জনপ্রিয় কলামিস্ট ও মিডিয়া ব্যক্তিত্ব হিসেবে ব্যাপকভাবে পরিচিত।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মোঃ জুয়েল মৃধা
প্রশাসনিক কর্মকর্তা
জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়